**ব্যতিরেক অলঙ্কার।**

যে তুলনামূলক অলঙ্কারে উপমেয়কে উপমানের চেয়ে উৎকৃষ্ট বা নিকৃষ্ট করে দেখানো হয় তাকে বলে ব্যতিরেক অলঙ্কার।

**উৎকৃষ্টতামূলক ব্যতিরেক অলঙ্কার** :

এই দুটি
নবনীনিন্দিত বাহুপাশে সব্যসাচী
অর্জুন দিয়েছে ধরা।

এখানে বাহু উপমেয়কে নবনী ( মাখন) উপমান অপেক্ষা উৎকৃষ্ট করে দেখানো হয়েছে, নিন্দিত শব্দের দ্বারা এই উৎকৃষ্টতা প্রমাণিত হয়। তাই এটি উৎকৃষ্টতামূলক ব্যতিরেক অলঙ্কার।

**নিকৃষ্টতামূলক ব্যতিরেক অলঙ্কার।**

কলকল্লোলে লাজ দিলো আজ
নারী কন্ঠের কাকলি।

এখানে, নারী কন্ঠের কাকলি উপমেয়কে কলকল্লোল ( কোলাহল) উপমান অপেক্ষা নিকৃষ্ট করে দেখানো হচ্ছে, লাজ শব্দটি নিকৃষ্টতা প্রমাণ করছে। তাই এটি নিকৃষ্টতামূলক ব্যতিরেক অলঙ্কার।